# শতফুল বাংলাদেশ

**প্রধান কার্যালয়ঃ জাহানাবাদ, মোহনপুর, রাজশাহী।**

সমাজসেবা অধিদপ্তর রেজিঃ নং-৬২৩/০১, এমআরএ সনদ নং-০১১৬-০০০৭২-২০৭

মোবাইলঃ ০১৭১১-০৬২৭৬৭, ইমেইলঃ shataphool@gmail.com, ওয়েবসাইটঃ shataphoolbangladesh.com

**শফুবা/মোহন/রাজ - ১৮৩০১৫/২৫** **তারিখঃ- ১৭/০৮/২৫খ্রি**

## অফিস আদেশ

বরাবর
সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ
শতফুল বাংলাদেশ।

বিষয়ঃ সামাজিক যোগাযোগ মাধ্যমে কনটেন্ট ক্রিয়েশন থেকে বিরত থাকার নির্দেশনা প্রসঙ্গে।

প্রিয় কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ,

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বর্তমানে সামাজিক যোগাযোগ মাধ্যম (Facebook, YouTube, TikTok, Instagram ইত্যাদি) একটি জনপ্রিয় প্ল্যাটফর্ম হলেও এখানে ব্যক্তিগত কিংবা পেশাগত জীবনের নানা ধরনের কনটেন্ট প্রচারের কারণে সংস্থার ভাবমূর্তি, গোপনীয় তথ্য, নীতিমালা এবং সুনামের ক্ষতির ঝুঁকি দেখা দিতে পারে।

এই প্রেক্ষিতে সংস্থার সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকে কঠোরভাবে নির্দেশ দেওয়া যাচ্ছে যে-
১. সংস্থার নাম, লোগো, প্রকল্প, অফিসিয়াল নথি বা কার্যক্রম সংক্রান্ত কোনো কনটেন্ট সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ বা প্রচার করা যাবে না।
২. ব্যক্তিগতভাবে সামাজিক মাধ্যমে কনটেন্ট ক্রিয়েশন করলে তা অবশ্যই সংস্থার ভাবমূর্তি, নীতি ও কর্মপদ্ধতির সাথে সাংঘর্ষিক হওয়া যাবে না।
৩. অফিস সময়কালে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার, কনটেন্ট তৈরি বা প্রচারে সম্পূর্ণভাবে বিরত থাকতে হবে।
৪. উক্ত নির্দেশনা অমান্য করলে সংস্থার শৃঙ্খলা বিধিমালা অনুযায়ী যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে

২৭/৮/২৫
(মোঃ নাজিম উদ্দীন মোল্লা)
নির্বাহী পরিচালক
শতফুল বাংলাদেশ

অনুলিপি-
১. পরিচালক (কার্যক্রম) শতফুল বাংলাদেশ।
২. সিনিয়র উপ-পরিচালক (কার্যক্রম) শতফুল বাংলাদেশ।
৩. প্রশাসন ও মানবসম্পদ বিভাগ- শতফুল বাংলাদেশ।
৪. বিভাগীয় প্রধান (সকল বিভাগ) শতফুল বাংলাদেশ।
৫. জোনাল ম্যানেজার (সকল জোন) শতফুল বাংলাদেশ।
৬. এরিয়া ম্যানেজার (সকল এরিয়া) শতফুল বাংলাদেশ।
৭. শাখা ব্যবস্থাপক (সকল শাখা) শতফুল বাংলাদেশ।
৮. প্রকল্প প্রধান (সকল প্রকল্প) শতফুল বাংলাদেশ।
৯. অফিস নথি।